**অতি জরুরী**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিকল্পনা কমিশন
কার্যক্রম বিভাগ
শের-ই-বাংলা নগর, ঢাকা

নং- ২০.০৬.০০০০.৬১৮.২০.৪৯৭.২৪-৩৬

তারিখঃ ২৩ অগ্রহায়ণ ১৪৩১ ব.
০৮ ডিসেম্বর ২০২৪ খ্রি.

**বিষয়ঃ ২০২৪-২৫ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি) প্রণয়নের নীতিমালা।**

বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)/সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি) সরকারের একটি গুরুত্বপূর্ণ পরিকল্পনা, যা জাতীয় বাজেট বাস্তবায়নের অন্যতম গাইডলাইন হিসেবে কার্যকর ভূমিকা পালন করে থাকে। পরিবেশবান্ধব টেকসই উন্নয়ন ও উচ্চতর প্রবৃদ্ধি অর্জনের লক্ষ্যে মাথাপিছু আয় বৃদ্ধি, দারিদ্র্য নিরসন, কর্মসংস্থান বৃদ্ধি এবং জনগণের জীবনযাত্রার মানোন্নয়নের জন্য অর্থনৈতিক খাতভিত্তিক লক্ষ্য অর্জনের ক্ষেত্রে এটি অন্যতম গুরুত্বপূর্ণ দলিল। বিদ্যমান সম্পদের সুষম বন্টনের মাধ্যমে এডিপিভুক্ত প্রকল্পসমূহের অনুকূলে চাহিদা ও বরাদ্দের সমন্বয়ের জন্য প্রতি বছরের ন্যায় ২০২৪-২৫ অর্থবছরেও আরএডিপি প্রণয়নের উদ্যোগ নেওয়া হয়েছে। আরএডিপি প্রণয়নের সময় ২০২৪-২৫ অর্থবছরের এডিপিতে অন্তর্ভুক্ত প্রকল্পসমূহের বরাদ্দ সংশোধন, নতুন অনুমোদিত প্রকল্পে বরাদ্দ প্রদান এবং অননুমোদিত নতুন প্রকল্প অন্তর্ভুক্তির ক্ষেত্রে এ নীতিমালায় বর্ণিত প্রক্রিয়া/নির্দেশনাবলি আবশ্যিকভাবে অনুসরণ করতে হবে।

## ২। সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি)'র আকার ও অর্থনৈতিক সেক্টর/সাব-সেক্টর/প্রকল্পভিত্তিক বরাদ্দ নির্ধারণ এবং অনুমোদন প্রক্রিয়া:

২.১ নতুন অনুমোদিত ও চলমান প্রকল্পের অনুকূলে ২০২৪-২৫ অর্থবছরের আরএডিপিতে প্রকল্পভিত্তিক চাহিদা ADP/RADP Management System (AMS) এর মাধ্যমে প্রকল্প পরিচালক নিজ নিজ বাস্তবায়নকারী সংস্থা ও প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগের মাধ্যমে পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর বিভাগে প্রেরণ করবে। সেক্টর বিভাগসমূহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা কর্তৃক প্রেরিত প্রস্তাবসমূহের যৌক্তিকতা ও কর্মপরিকল্পনা পরীক্ষা-নিরীক্ষাপূর্বক (প্রয়োজনে পরিবর্তন/সংশোধন করে) AMS এর মাধ্যমে প্রকল্পভিত্তিক প্রাথমিক চাহিদা কার্যক্রম বিভাগে প্রেরণ করবে। তবে, প্রধান উপদেষ্টার কার্যালয়, স্থানীয় সরকার বিভাগ ও পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় আওতাধীন 'উন্নয়ন সহায়তা' খাতের চাহিদা **সরাসরি** AMS এর মাধ্যমে কার্যক্রম বিভাগে প্রেরণ করবে।

২.২ দেশের বিদ্যমান সামষ্টিক অর্থনৈতিক বাস্তবতা বিবেচনায় অর্থ বিভাগ সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচির আকার (জিওবি ও প্রকল্প ঋণ/অনুদান) নির্ধারণ করে পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগকে অবহিত করে থাকে। এছাড়া অর্থনৈতিক সম্পর্ক বিভাগ আরএডিপি'র জন্য সেক্টর ও প্রকল্পভিত্তিক ঋণ/অনুদান, জাপান ঋণ মওকুফ অনুদান প্রতিরূপ তহবিল (DRGA-CF) এর বরাদ্দ নির্ধারণপূর্বক কার্যক্রম বিভাগকে অবহিত করে থাকে।

২.৩ অর্থ বিভাগ হতে আরএডিপি'র মোট আকার প্রাপ্তির পর কার্যক্রম বিভাগ প্রকল্পসমূহের চাহিদা, প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি, সেক্টর ভিত্তিক অগ্রাধিকার ইত্যাদি বিবেচনায় নিয়ে অর্থনৈতিক সেক্টর/সাব-সেক্টর ভিত্তিক এবং মন্ত্রণালয়/বিভাগ ভিত্তিক বরাদ্দ বিভাজন করে পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগসমূহকে অবহিত করবে। এছাড়া, উন্নয়ন সহায়তা খাতসমূহের অনুকূলে বরাদ্দ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে অবহিত করবে।

২.৪ পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগসমূহ অর্থনৈতিক সেক্টর/সাব-সেক্টরের আওতায় মন্ত্রণালয়/বিভাগ ভিত্তিক বরাদ্দ বিভাজন বিবেচনায় রেখে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ থেকে প্রাপ্ত প্রকল্পভিত্তিক চাহিদা প্রস্তাবের যৌক্তিকতা পরীক্ষা-নিরীক্ষা করে ও মন্ত্রণালয়/বিভাগের সাথে আলোচনাপূর্বক প্রয়োজনীয় পরিবর্তন/সংশোধন করে প্রকল্পভিত্তিক বরাদ্দ চূড়ান্ত করবে। প্রকল্পভিত্তিক চূড়ান্ত বরাদ্দ মন্ত্রণালয়/বিভাগ AMS এর মাধ্যমে সংশ্লিষ্ট প্রকল্প দপ্তরকে অবহিত করবে। অতঃপর পুনঃনির্ধারিত বরাদ্দ অনুযায়ী প্রকল্প দপ্তর ইকনমিক সাবকোডে সমন্বয় করে প্রস্তাব মন্ত্রণালয়/বিভাগ বরাবর প্রেরণ করবে। মন্ত্রণালয়/বিভাগ প্রাপ্ত প্রস্তাব নির্ধারিত তারিখের মধ্যে পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগে এবং পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগ যাচাইপূর্বক তা কার্যক্রম বিভাগে প্রেরণ করবে। একই সাথে পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগ চূড়ান্ত বরাদ্দ প্রস্তাবের স্বাক্ষরিত একটি কপি নির্ধারিত তারিখের মধ্যে কার্যক্রম বিভাগে এবং

আরেকটি কপি সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ করবে। চূড়ান্ত বরাদ্দ সংশোধনের প্রয়োজন হলে এবং তা যৌক্তিক মর্মে বিবেচিত হলে কার্যক্রম বিভাগ সংশ্লিষ্ট সেক্টর বিভাগ ও মন্ত্রণালয়/বিভাগের সাথে আলোচনা করে বরাদ্দ সংশোধন করতে পারে।

২.৫ কার্যক্রম বিভাগ কর্তৃক প্রকল্পভিত্তিক পুনঃনির্ধারিত বরাদ্দ এবং উন্নয়ন সহায়তা বাবদ প্রস্তাবিত বরাদ্দ ও অন্যান্য তথ্যাদি সংকলন করে খসড়া আরএডিপি প্রণয়ন করা হবে। প্রস্তুতকৃত খসড়া আরএডিপি বাংলাদেশ পরিকল্পনা কমিশনের বর্ধিত সভার সুপারিশক্রমে জাতীয় অর্থনৈতিক পরিষদ (এনইসি) এর সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হবে। জাতীয় অর্থনৈতিক পরিষদ (এনইসি) এর সভায় অনুমোদনের পর আরএডিপি চূড়ান্ত করা হবে।

**৩। প্রকল্পভিত্তিক (চলমান ও নতুন অনুমোদিত প্রকল্প) অর্থ বরাদ্দের (কোড ও সাবকোড ভিত্তিক) চাহিদা প্রস্তাব প্রেরণের ক্ষেত্রে অনুসরণীয় সাধারণ নির্দেশাবলি:**

৩.১ আরএডিপি প্রণয়ন নীতিমালায় বর্ণিত সময়সীমা অনুসরণপূর্বক AMS এর মাধ্যমে প্রতিটি পর্যায় থেকে পরবর্তী পর্যায়ে (প্রকল্প পরিচালকের দপ্তর থেকে বাস্তবায়নকারী সংস্থায়, বাস্তবায়নকারী সংস্থা থেকে মন্ত্রণালয়/বিভাগে, মন্ত্রণালয়/বিভাগ থেকে পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগে এবং সেক্টর বিভাগ থেকে কার্যক্রম বিভাগে) প্রকল্পভিত্তিক অর্থ বরাদ্দের জন্য চাহিদা প্রস্তাব করতে হবে। উল্লেখ্য, **নীতিমালা জারির পর হতেই AMS এ চাহিদা আপলোডের কার্যক্রম শুরু হবে। নীতিমালায় বর্ণিত সময় অতিক্রান্ত হলে চাহিদা প্রেরণের সুযোগ স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে বিধায় নির্ধারিত সময়ের মধ্যে AMS এর মাধ্যমে চাহিদা প্রেরণ নিশ্চিত করতে হবে;**

৩.২ বৈদেশিক ঋণ/অনুদানে বাস্তবায়নাধীন প্রকল্প, দারিদ্র্য নিরসন, কর্মসংস্থান বৃদ্ধি, জিডিপি'র প্রবৃদ্ধি ত্বরান্বিতকরণ, মানব সম্পদ উন্নয়নের সাথে সরাসরি সংশ্লিষ্ট প্রকল্পসহ বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন প্রকল্পসমূহের অগ্রাধিকার বিবেচনায় রেখে আরএডিপি'তে অর্থ বরাদ্দের চাহিদা প্রস্তাব করতে হবে। বিদ্যমান বৈশ্বিক অর্থনৈতিক প্রেক্ষাপট বিবেচনায় রেখে আরএডিপি'তে খাদ্য নিরাপত্তার লক্ষ্যে কৃষি, কৃষিভিত্তিক শিল্প, শিক্ষা, স্বাস্থ্য, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, বিজ্ঞান ও প্রযুক্তি, বিদ্যুৎ উৎপাদন এবং প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলা ও ক্ষয়ক্ষতি পুনর্বাসন সংক্রান্ত প্রকল্পে অর্থ বরাদ্দের চাহিদা প্রদানে অগ্রাধিকার দিতে হবে। এছাড়াও সবুজ ও জলবায়ু সহিষ্ণু উন্নয়ন (Green and Climate Resilient Development) এর লক্ষ্যমাত্রা অর্জনে সরাসরি প্রভাব ফেলবে এমন প্রকল্পসমূহকে বরাদ্দ প্রদানে বিশেষ অগ্রাধিকার দিতে হবে;

৩.৩ এডিপিতে অন্তর্ভুক্তির জন্য প্রধান উপদেষ্টার কার্যালয়, স্থানীয় সরকার বিভাগ এবং পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন 'উন্নয়ন সহায়তা' খাতের পূর্ববর্তী বছরগুলোর বরাদ্দ ও অগ্রগতি বিবেচনায় নিয়ে AMS এর নির্ধারিত ছকে বাস্তবভিত্তিক চাহিদা প্রস্তাব করতে হবে;

৩.৪ প্রকল্পসমূহে অর্থ বরাদ্দের চাহিদা প্রদানের ক্ষেত্রে এলাকা/অঞ্চলভিত্তিক সুষম উন্নয়নের বিষয়টি বিবেচনায় নিতে হবে;

৩.৫ সম্পদের সুষ্ঠু ব্যবহার ও কাঙ্খিত সুফল প্রাপ্তি বিবেচনায় নতুন প্রকল্প গ্রহণের চেয়ে চলমান প্রকল্প যথাসময়ে সমাপ্ত করার ওপর বিশেষ গুরুত্ব দিতে হবে এবং আরএডিপি'তে ২০২৪-২৫ অর্থবছরে সমাপ্তির জন্য নির্ধারিত প্রকল্পে বরাদ্দ প্রদানের ক্ষেত্রে অগ্রাধিকার দিতে হবে;

৩.৬ আরএডিপি'র সেক্টর/সাব-সেক্টর এর নির্ধারিত স্থানীয় মুদ্রায় মোট বরাদ্দ অপরিবর্তিত রেখে অগ্রাধিকার বিবেচনায় নিজস্ব মন্ত্রণালয়/বিভাগের আন্তঃপ্রকল্পে অর্থ বরাদ্দের চাহিদা সমন্বয় করা যাবে;

৩.৭ বৈদেশিক অর্থায়ন সংশ্লিষ্ট প্রকল্পে ('ঋণ/অনুদান চুক্তি স্বাক্ষরিত' অথবা 'ঋণ/অনুদান প্রাপ্তির সুনিশ্চিত অঙ্গীকারপ্রাপ্ত') চলতি অর্থবছরে প্রাপ্ত বৈদেশিক ঋণ/অনুদান ব্যবহারের নিমিত্ত পরিপূরক স্থানীয় মুদ্রা (Matching Fund) বরাদ্দের প্রস্তাবকে অগ্রাধিকার দিতে হবে;

৩.৮ জাপান ঋণ মওকুফ অনুদান প্রতিরূপ তহবিল (DRGA-CF) জিওবি হিসেবে বিবেচিত হবে;

৩.৯ যে সকল প্রকল্পে জিওবি বা প্রকল্প ঋণ/অনুদান এর পাশাপাশি বাস্তবায়নকারী সংস্থার (প্রত্যাশী সংস্থাসহ) অর্থায়ন সম্পৃক্ত রয়েছে সে সকল প্রকল্পের ক্ষেত্রে স্ব-অর্থায়নকৃত অর্থের বরাদ্দ প্রতিফলন করতে হবে;

৩.১০ ২০২৪-২৫ অর্থবছরের এডিপিতে অন্তর্ভুক্ত সকল প্রকল্প আরএডিপি'তে বরাদ্দসহ প্রস্তাব করতে হবে। এক্ষেত্রে, এডিপি'তে অন্তর্ভুক্ত যে সকল প্রকল্প আরএডিপি কার্যকরের পূর্বে সমাপ্ত হয়েছে/হবে সে সকল প্রকল্পও আবশ্যিকভাবে আরএডিপি'তে অন্তর্ভুক্ত করতে হবে। এরূপ প্রকল্পের ক্ষেত্রে ২০২৪-২৫ অর্থবছরের প্রকৃত ব্যয় আরএডিপি'তে বরাদ্দ হিসেবে প্রতিফলন করতে হবে। এছাড়া, এডিপি'তে বরাদ্দ বহির্ভূত যেসব প্রকল্প ইতোমধ্যে অনুমোদিত ও বরাদ্দপ্রাপ্ত হয়েছে সেসব প্রকল্প আরএডিপিতে বরাদ্দসহ অন্তর্ভুক্ত করতে হবে;

৩.১১ শুধুমাত্র অনুমোদিত প্রকল্প বরাদ্দসহ আরএডিপি'তে অন্তর্ভুক্ত করা যাবে। AMS এ অন্তর্ভুক্তি ব্যতীত নতুন অনুমোদিত প্রকল্প আরএডিপি'তে অন্তর্ভুক্ত বা বরাদ্দের জন্য প্রস্তাব করা যাবে না;

৩.১২ প্রকল্পভিত্তিক চাহিদা প্রস্তাবের ক্ষেত্রে ২০২৪-২৫ অর্থবছরের আরএডিপি'তে বরাদ্দের পাশাপাশি ২০২৫-২৬ এবং ২০২৬-২৭ অর্থবছরের বরাদ্দের প্রক্ষেপণ AMS এ অন্তর্ভুক্ত করতে হবে;

৩.১৩ প্রাথমিকভাবে **বিদ্যুৎ ও জ্বালানি, স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন এবং স্বাস্থ্য সেক্টরের আওতাধীন ১১টি মন্ত্রণালয়/বিভাগের** AMS-এ প্রদত্ত তথ্যের ভিত্তিতে উল্লিখিত ৩টি সেক্টরের Multi-Year Public Investment Programme (MYPIP) প্রণীত হবে। এক্ষেত্রে নিম্নোক্ত বিষয়সমূহ বিবেচনায় রাখতে হবেঃ

৩.১৩.১ AMS-এ উপরোল্লিখিত ৩টি সেক্টরের আওতাধীন প্রকল্পসমূহের অনুকূলে পরবর্তী দুই অর্থবছর অর্থাৎ ২০২৫-২৬ এবং ২০২৬-২৭ এর জন্য প্রক্ষেপণ প্রদানকালে Forward Baseline Estimate (FBE) উল্লেখ করা থাকবে। প্রকল্প বাস্তবায়নের বাস্তবতার নিরিখে ও প্রদত্ত সম্ভাব্য প্রক্ষেপণের প্রাক্কলন বিবেচনাপূর্বক এ তিন সেক্টরের প্রতিটি প্রকল্পের অনুকূলে ২০২৫-২৬ এবং ২০২৬-২৭ জন্য প্রক্ষেপণ প্রদান করতে হবে;

৩.১৩.২ AMS এ উক্ত ৩টি সেক্টরের আওতাধীন বিগত বছরসমূহের চলমান ও সমাপ্ত প্রকল্পসমূহের বছরওয়ারি ব্যয়ের প্রবণতা বিবেচনাপূর্বক প্রস্তুতকৃত Expenditure Profile ব্যবহার করে প্রকল্পসমূহের Forward Baseline Estimate (FBE) ভিত্তিতে নিরূপণ করতে হবে;

৩.১৩.৩ উল্লিখিত ৩টি সেক্টরের আওতাধীন যেসব প্রকল্প AMS থেকে প্রদত্ত Forward Baseline Estimate (FBE) বিবেচনায় ২০২৫-২৬ ও ২০২৬-২৭ অর্থবছরে সমাপ্ত করা সম্ভব, সেসব প্রকল্প বাস্তবায়নের বাস্তবতার নিরিখে বরাদ্দ নিশ্চিত করার বিষয়টি বিবেচনা করতে হবে;

৩.১৪ গত ৩০ জুন, ২০২৪ তারিখে মেয়াদ উত্তীর্ণ হয়েছে এমন প্রকল্প মেয়াদ বৃদ্ধি ব্যতিরেকে ২০২৪-২৫ অর্থবছরের আরএডিপিতে অন্তর্ভুক্তির প্রস্তাব করা যাবে না।

## ৪। ২০২৪-২৫ অর্থবছরের মূল এডিপিভুক্ত প্রকল্পের বরাদ্দ সংশোধনের ক্ষেত্রে বিশেষ অনুসরণীয় নির্দেশাবলি:

৪.১ প্রকল্পের অনুমোদিত প্রাক্কলিত ব্যয় এবং ক্রমপুঞ্জিত ব্যয়ের নিরিখে চলতি অর্থবছরের অনুমোদিত ক্রয় পরিকল্পনা অনুসারে অর্থবছরের অবশিষ্ট সময়ে সম্ভাব্য ব্যয় বিবেচনায় যুক্তিসঙ্গতভাবে আরএডিপি'তে অর্থ বরাদ্দের চাহিদা (**ইকনমিক কোড ও সাবকোড ভিত্তিক**) প্রস্তাব প্রেরণ করতে হবে;

৪.২ প্রকল্পের প্রস্তাবিত অর্থ বরাদ্দের চাহিদার খাতভিত্তিক (টাকা, প্রকল্প ঋণ/অনুদান, আরপিএল/জি, মূলধন, রাজস্ব, সিডি/ভ্যাট, নগদ বৈদেশিক মুদ্রা) অর্থ বিভাজনের ক্ষেত্রে সর্বশেষ অনুমোদিত ডিপিপি'র সংস্থানের অতিরিক্ত প্রস্তাব করা যাবে না;

৪.৩ চলমান প্রকল্পে অর্থ বরাদ্দের ক্ষেত্রে ইকনমিক কোড/সাবকোড ভিত্তিক চাহিদা প্রস্তাব প্রেরণ করতে হবে। চাহিদা প্রস্তাব প্রেরণের ক্ষেত্রে লক্ষ্য রাখতে হবে যেন তা ইতোমধ্যে ছাড়কৃত (ইকনমিক কোড/সাবকোড ভিত্তিক) অর্থের তুলনায় কম না হয়। এক্ষেত্রে প্রকল্পের মোট রাজস্ব ও মূলধন পূর্ণ লক্ষ টাকায় প্রস্তাব করতে হবে;

৪.৪ ইতোমধ্যে চলতি অর্থবছরে অতিরিক্ত বরাদ্দ প্রদান কিংবা উপযোজনের মাধ্যমে চলমান কোন প্রকল্পের বরাদ্দ সংশোধন করা হলে প্রকল্পের সংশোধিত বরাদ্দ প্রস্তাবে তা যথাযথভাবে প্রতিফলন করতে হবে;

৪.৫ চলতি অর্থবছরে সমাপ্তির জন্য নির্ধারিত প্রকল্প **আবশ্যিকভাবে চিহ্নিত** করে এ সকল প্রকল্পে প্রয়োজনীয় অর্থের চাহিদা নিশ্চিত করতে হবে। প্রয়োজনে চলমান ধীর গতিসম্পন্ন প্রকল্প অথবা অন্য কোন প্রকল্পের চাহিদা হ্রাস করে সমাপ্তির জন্য নির্ধারিত প্রকল্পে প্রয়োজনীয় অর্থের সংস্থান নিশ্চিত করতে হবে;

৪.৬ বৈদেশিক অর্থায়নপুষ্ট প্রকল্পে ঋণ/অনুদানের অর্থ বরাদ্দের চাহিদা প্রস্তাব প্রেরণের ক্ষেত্রে উন্নয়ন সহযোগী দেশ/সংস্থার সাথে স্বাক্ষরিত চুক্তির মেয়াদ বিবেচনায় রেখে যুক্তিসঙ্গতভাবে এবং সম্ভাব্য ব্যয়ের ভিত্তিতে স্থানীয় মুদ্রা ও প্রকল্প ঋণ/অনুদানের চাহিদা প্রস্তাব প্রেরণ করতে হবে;

৪.৭ প্রকল্প ঋণ/অনুদান (ডিপিএল/ডিপিজি; আরপিএল/আরপিজি) ও DRGA-CF এর চাহিদা প্রস্তাব প্রেরণের ক্ষেত্রে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ কর্তৃক নির্ধারিত বরাদ্দই (প্রকল্পের প্রাপ্যতা বিবেচনায়) চূড়ান্ত বলে গণ্য হবে;

৪.৮ সরকারের আমদানি শুল্ক ও মূল্য সংযোজন করের (সিডি/ভ্যাট) বিদ্যমান হার এবং আমদানি পণ্য মূল্যের নির্ধারিত বিনিময় হার অনুসারে সিডি/ভ্যাট বাবদ প্রয়োজনীয় বরাদ্দের সংস্থান পৃথকভাবে না রেখে বরং যে সমস্ত ক্রয়ের জন্য সংশ্লিষ্ট অর্থ বরাদ্দ রাখা হয়েছে সে সমস্ত ক্রয়ের অর্থনৈতিক কোডেই সিডি/ভ্যাট বাবদ অর্থ বরাদ্দ রাখতে হবে;

৪.৯ প্রকল্পের জিওবি অংশে নগদ বৈদেশিক মুদ্রার প্রয়োজন হলে বাস্তবতার নিরিখে তা যথাযথভাবে নির্ধারণপূর্বক আরএডিপি'তে প্রতিফলনের লক্ষ্যে প্রকল্প দলিলে সংস্থান থাকা সাপেক্ষে AMS এর বৈদেশিক মুদ্রার ঘরে **আবশ্যিকভাবে** প্রস্তাব করতে হবে এবং বৈদেশিক অর্থায়ন, নগদ বৈদেশিক মুদ্রা এবং পুনর্ভরণযোগ্য বৈদেশিক অর্থায়নের যাবতীয় হিসাব ইআরডি হতে প্রাপ্ত সর্বশেষ বিনিময় হারে করতে হবে; এবং

৪.১০ অনুমোদিত প্রকল্পের ডিপিপি'র সংস্থানের অতিরিক্ত বরাদ্দ প্রস্তাব করা যাবে না। এছাড়া, সর্বশেষ অনুমোদিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের ব্যয় প্রতিফলন করতে হবে।

## ৫। অনুমোদিত নতুন প্রকল্পে অর্থ বরাদ্দের (কোড ও সাবকোড ভিত্তিক) চাহিদা প্রস্তাবের ক্ষেত্রে অনুসরণীয় নির্দেশাবলি:

৫.১ এডিপিতে বরাদ্দবিহীনভাবে অননুমোদিত নতুন প্রকল্প তালিকায় অন্তর্ভুক্ত অথবা পরবর্তীতে আন্তঃমন্ত্রণালয় প্রোগ্রামিং কমিটির বিশেষ সভায় সুপারিশসহ মাননীয় পরিকল্পনা উপদেষ্টার পূর্বানুমোদনক্রমে নতুন প্রকল্প তালিকায় অন্তর্ভুক্ত কোন বিনিয়োগ/কারিগরি সহায়তা/সমীক্ষা প্রকল্প অনুমোদনের পর যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন আদেশ ও প্রশাসনিক আদেশ জারি অন্তে AMS এ আপলোড করতে হবে। অতঃপর AMS এর মাধ্যমে আরএডিপি'তে বরাদ্দসহ অন্তর্ভুক্ত করে চাহিদা প্রস্তাব প্রেরণ করতে হবে। উল্লেখ্য, প্রকল্পটির প্রশাসনিক অনুমোদন জারি না হওয়া পর্যন্ত AMS এ নতুন অননুমোদিত প্রকল্প তালিকায় রাখতে হবে;

৫.২ নতুন অনুমোদিত কোন প্রকল্পের অনুকূলে ইতোমধ্যে কোন অর্থ ছাড় করা হয়ে থাকলে আরডিপি'তে চাহিদা প্রস্তাবের ক্ষেত্রে লক্ষ্য রাখতে হবে যেন তা ছাড়কৃত অর্থের তুলনায় কম না হয়;

৫.৩ চলমান উন্নয়ন প্রকল্প যথাসময়ে বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় বরাদ্দ নিশ্চিতকরণ সাপেক্ষে নতুন প্রকল্পের জন্য চাহিদা প্রস্তাব করতে হবে;

৫.৪ বৈদেশিক অর্থায়নপুষ্ট নতুন অনুমোদিত প্রকল্পের ক্ষেত্রে প্রকল্প ঋণ/অনুদান বরাদ্দ সাপেক্ষে প্রয়োজনীয় জিওবি ম্যাচিং ফান্ড বরাদ্দের প্রস্তাব করতে হবে; এবং

৫.৫ অনুমোদিত নতুন প্রকল্পের প্রকল্প দলিলে ভূমি অধিগ্রহণের সংস্থান থাকলে প্রথম অর্থবছরে ভূমি অধিগ্রহণ এবং প্রকল্প শুরু করার জন্য অত্যাবশ্যকীয় কাজের জন্য আরএডিপি'তে চাহিদা প্রস্তাব করতে হবে।

## ৬। আরএডিপি'তে অননুমোদিত নতুন প্রকল্প অন্তর্ভুক্তির ক্ষেত্রে অনুসরণীয় নির্দেশাবলি:

৬.১ ২০২৪-২৫ অর্থবছরের এডিপি'তে বরাদ্দবিহীনভাবে অননুমোদিত নতুন প্রকল্পসমূহ আরএডিপি'তে অন্তর্ভুক্তির জন্য **নতুনভাবে প্রস্তাব প্রেরণ করতে হবে** এবং আরএডিপি'তে অননুমোদিত নতুন প্রকল্প সংখ্যা সীমিত রাখার দিকে লক্ষ্য রাখতে হবে। সকল প্রস্তাব আবশ্যিকভাবে **AMS এর মাধ্যমে** প্রেরণ করতে হবে;

৬.২ সরকারের অগ্রাধিকার প্রকল্প অন্তর্ভুক্ত করার জন্য সরকারের কৌশলগত লক্ষ্য ও উদ্দেশ্যসমূহের আলোকে অগ্রাধিকার ঠিক করে প্রয়োজনে অন্যান্য কম গুরুত্বপূর্ণ প্রকল্প বাদ দিতে হবে। এক্ষেত্রে, দারিদ্র্য বিমোচনে সহায়ক ও মানব সম্পদ উন্নয়নের সাথে সম্পৃক্ত খাতসমূহকে গুরুত্ব দিতে হবে। শিক্ষা, স্বাস্থ্য, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, বিজ্ঞান ও প্রযুক্তি, পরিবেশ ও জলবায়ু, কৃষি, কৃষিভিত্তিক শিল্প, বিদ্যুৎ উৎপাদন এবং বন্যা-উত্তর পুনর্বাসন সংশ্লিষ্ট প্রকল্পকে অগ্রাধিকার দিতে হবে;

৬.৩ বৈদেশিক ঋণ/অনুদান চুক্তি সম্পাদিত হয়েছে এমন সব প্রকল্প সংশোধিত এডিপিতে অন্তর্ভুক্তির ক্ষেত্রে অগ্রাধিকার প্রদানের বিষয়টি বিবেচনা করতে হবে;

৬.৪ একই সংস্থার আওতায় বাস্তবায়িতব্য একই উদ্দেশ্য/প্রকৃতির একাধিক ক্ষুদ্র প্রকল্প পৃথকভাবে প্রস্তাব না করে একত্রে একটি প্রকল্পের আওতায় প্রস্তাব করতে হবে;

৬.৫ গত ১৩ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে পরিকল্পনা বিভাগ কর্তৃক জারিকৃত Green Climate Resilient Development (GCRD) গাইডলাইন যথাযথভাবে অনুসরণ করতে হবে। জলবায়ু পরিবর্তন অভিযোজন ও প্রশমনের লক্ষ্যে National Adaptation Plan (NAP) এবং Nationally Determined Contribution (NDC) এর আলোকে গৃহীত প্রকল্পসমূহকে অগ্রাধিকার দিতে হবে। এছাড়া, বাংলাদেশ ডেল্টা প্ল্যান ২১০০ দীর্ঘমেয়াদি পরিকল্পনায় চিহ্নিত প্রকল্পসমূহ অন্তর্ভুক্ত করতে হবে এবং Delta Appraisal Framework (DAF) অনুসরণ করে এ সকল প্রকল্প বাস্তবায়নকে গুরুত্ব দিতে হবে;

৬.৬ জলবায়ু পরিবর্তনের সাথে অভিযোজনের নিমিত্ত প্রস্তাবিত প্রকল্প বাস্তবায়নের জন্য বৈশ্বিক ও জাতীয় তহবিল হতে অর্থায়ন (Green Climate Fund, Adaptation Fund, BCCTF ইত্যাদি) প্রাপ্তির বিষয়টি নিশ্চিত করতে হবে। আরএডিপিতে এধরণের প্রকল্প প্রস্তাব করা হলে Bangladesh Climate Change Trust Fund (BCCTF) এর আওতায় গৃহীত প্রকল্পসমূহের সাথে দ্বৈততা পরিহার করতে হবে;

৬.৭ যে সকল প্রকল্প প্রতিবেশগত সংকটাপন্ন এলাকায় বাস্তবায়ন হবে সে সকল প্রকল্পের জন্য পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ এবং প্রতিবেশগত সংকটাপন্ন এলাকা ব্যবস্থাপনা বিধিমালা, ২০১৬ যথাযথভাবে অনুসরণ করতে হবে;

৬.৮ দেশের বিভিন্ন এলাকায় নদী ভাঙ্গন ও জলাবদ্ধতা রোধে পরিবেশ ও প্রতিবেশের (Ecology) বিষয়টি বিবেচনায় রেখে সমন্বিত নতুন প্রকল্প গ্রহণের বিষয়ে অগ্রাধিকার দিতে হবে;

৬.৯ জাতিসংঘ ঘোষিত Sustainable Development Goals (SDGs) এর লক্ষ্যমাত্রাসমূহ অর্জনকে অগ্রাধিকার প্রদান করে অননুমোদিত নতুন প্রকল্প আরএডিপি'তে অন্তর্ভুক্তির প্রস্তাব করতে হবে;

৬.১০ যে সকল বিনিয়োগ প্রকল্পের সম্ভাব্যতা সমীক্ষা সম্পন্ন হয়েছে সে সকল প্রকল্প বরাদ্দবিহীন নতুন অননুমোদিত প্রকল্প তালিকায় অন্তর্ভুক্তির প্রস্তাবের ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করতে হবে। সেক্ষেত্রে সমীক্ষা প্রতিবেদনের সার-সংক্ষেপ ও সুপারিশ প্রকল্প প্রস্তাবের সাথে আবশ্যিকভাবে সংযুক্ত করতে হবে। একইসাথে পঞ্চাশ কোটি টাকার উর্ধ্বে যে সকল প্রকল্পে সম্ভাব্যতা সমীক্ষা সম্পন্ন হয়নি তা অননুমোদিত প্রকল্প তালিকায় অন্তর্ভুক্তির প্রস্তাব প্রেরণের ক্ষেত্রে বিরত থাকতে হবে;

৬.১১ পরিচালন বাজেট হতে সম্পাদনযোগ্য Operational ধর্মী কাজের জন্য প্রকল্প প্রস্তাব প্রেরণ পরিহার করতে হবে। এছাড়া, বেসরকারি উদ্যোগে বাস্তবায়ন করার সম্ভাবনা রয়েছে এমন প্রকল্প আরএডিপি'তে অন্তর্ভুক্তির প্রস্তাব পরিহার করতে হবে;

৬.১২ যে সকল বিনিয়োগ প্রকল্পে সরকারের অর্থায়নের পাশাপাশি সংস্থার নিজস্ব অর্থায়নের সংস্থান থাকবে সে সকল প্রকল্প বরাদ্দবিহীন নতুন অননুমোদিত প্রকল্প তালিকায় অন্তর্ভুক্তির প্রস্তাবের ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করতে হবে;

৬.১৩ নতুন কোন প্রতিষ্ঠান (প্রশিক্ষণ ইনস্টিটিউট, শিক্ষা প্রতিষ্ঠান ইত্যাদি) নির্মাণ বা প্রতিষ্ঠা সংক্রান্ত প্রকল্প গ্রহণের পূর্বে বিদ্যমান একই প্রকৃতির প্রতিষ্ঠানসমূহের কর্মক্ষমতা, কার্যকারিতা ও ভৌগোলিক অবস্থানসহ সংশ্লিষ্ট সকল বিষয়াদি পর্যালোচনাপূর্বক যৌক্তিকতা বিবেচনায় প্রস্তাব করতে হবে;

৬.১৪ সীমিত সম্পদের সুষ্ঠু বাস্তবভিত্তিক ব্যবহার নিশ্চিতকরণে আবশ্যিকভাবে মধ্যমেয়াদি বাজেট কাঠামোর (MTBF) আওতায় মন্ত্রণালয়/বিভাগের জন্য নির্ধারিত প্রাক্কলন/প্রক্ষেপণের মধ্যে সীমাবদ্ধ থেকে প্রকল্প গ্রহণ করতে হবে;

৬.১৫ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের **এলোকেশন অব বিজনেস**-এর সাথে সংযোগ স্থাপনপূর্বক প্রকল্প গ্রহণের যৌক্তিকতা এবং মধ্যমেয়াদি বাজেট কাঠামোয় (MTBF) নির্ধারিত প্রাক্কলন/প্রক্ষেপণ ও চলমান প্রকল্পের দায় বিবেচনায় প্রকল্পটিতে কীভাবে অর্থায়ন করা হবে তা সুস্পষ্টভাবে **মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক AMS এর 'মন্তব্য'** বক্সে লিপিবদ্ধ করতে হবে; এবং প্রকল্পটি গ্রহণ বা বাতিলের স্বপক্ষে যৌক্তিকতা/মতামত সুস্পষ্টভাবে **পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগ কর্তৃক AMS এর 'মন্তব্য'** বক্সে লিপিবদ্ধ করতে হবে;

৬.১৬ অনুমোদন প্রক্রিয়াকরণ অগ্রসর পর্যায়ে রয়েছে এমন প্রকল্প প্রস্তাবকে (অনুমোদনের জন্য উপস্থাপিত, পিইসি/এসপিইসি/ডিপিইসি/ডিএসপিইসি সভায় সুপারিশকৃত, পরিকল্পনা কমিশন পর্যায়ে প্রক্রিয়াধীন, মন্ত্রণালয়ের যাচাইবাছাই কমিটি কর্তৃক সুপারিশকৃত) অগ্রাধিকার প্রদান করতে হবে। উল্লেখ্য, **প্রকল্প দলিল প্রণীত হয়নি এমন কোন প্রকল্প আরএডিপি'তে অন্তর্ভুক্তির প্রস্তাব করা যাবে না;**

৬.১৭ তাছাড়া, নতুন অননুমোদিত প্রকল্প প্রস্তাবের ক্ষেত্রে নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণ করতে হবে;

- এডিপি'তে যেসব নতুন অননুমোদিত প্রকল্পের প্রকল্প দলিল অনুমোদন প্রক্রিয়াকরণের জন্য ৩০ ডিসেম্বর, ২০২৪ এর মধ্যে পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগে পাওয়া যাবে শুধুমাত্র সেসব প্রকল্প আরএডিপি'তে অন্তর্ভুক্তির প্রস্তাব করা যাবে। যে সকল প্রকল্পের প্রকল্প দলিল পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগে পাওয়ার পর পরবর্তী প্রক্রিয়াকরণ ব্যতিত মন্ত্রণালয়/ বিভাগে ফেরৎ প্রদান করা হয়েছে ঐ সকল প্রকল্পের প্রকল্প দলিল পরিকল্পনা কমিশনে পাওয়া যায়নি মর্মে বিবেচিত হবে; এবং
- কোন প্রকল্প ইতোপূর্বে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ বা পরিকল্পনা কমিশন কর্তৃক প্রক্রিয়াকরণ করার জন্য বিবেচিত হয়ে চূড়ান্ত অনুমোদনের জন্য যথাযথ কর্তৃপক্ষের নিকট উপস্থাপনের পর কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদনের জন্য বিবেচিত না হলে সে প্রকল্প আরএডিপি'তে অন্তর্ভুক্তির প্রস্তাব করা যাবে না।

**৭। বৈদেশিক অর্থায়নের সুবিধার্থে অননুমোদিত নতুন প্রকল্প:**

বৈদেশিক অর্থায়নের সুবিধার্থে অননুমোদিত নতুন প্রকল্প প্রস্তাব আবশ্যিকভাবে AMS এর মাধ্যমে প্রেরণ করতে হবে। আরএডিপি'তে নতুন অননুমোদিত প্রকল্প হিসেবে 'বৈদেশিক ঋণ/অনুদান চুক্তি সম্পাদিত' অথবা 'বৈদেশিক ঋণ/অনুদান প্রাপ্তির সুনিশ্চিত অঙ্গীকারপ্রাপ্ত প্রকল্প' অন্তর্ভুক্তির ক্ষেত্রে অগ্রাধিকার পাবে।

**৮। সরকারি সংস্থা/স্বায়ত্বশাসিত সংস্থা/কর্পোরেশন ও অন্যান্য সংস্থার নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন প্রকল্প:**

সরকারি সংস্থা/স্বায়ত্বশাসিত সংস্থা/কর্পোরেশন ও অন্যান্য সংস্থার নিজস্ব অর্থায়নে বাস্তবায়নের জন্য গৃহীত প্রকল্পসমূহ আরএডিপি'তে যথাযথভাবে প্রতিফলনের জন্য প্রয়োজনীয় তথ্যসহ AMS এর মাধ্যমে আরএডিপি'তে অর্থ বরাদ্দের চাহিদা প্রস্তাব প্রেরণ করতে হবে।

**৯। ২০২৪-২৫ অর্থবছরে সমাপ্তির জন্য নির্ধারিত প্রকল্প:**

যেসব প্রকল্প ২০২৪-২৫ অর্থবছরে সমাপ্ত করা সম্ভব হবে সেসব প্রকল্প ২০২৪-২৫ অর্থবছরের আরএডিপিতে সমাপ্তির জন্য নির্ধারিত প্রকল্পের তালিকায় AMS এ সঠিকভাবে চিহ্নিত করে প্রেরণ করতে হবে এবং এ সকল প্রকল্পের অনুকূলে অনুমোদিত প্রকল্প দলিল অনুযায়ী শতভাগ বরাদ্দ নিশ্চিত করতে হবে এবং **হার্ডকপি কার্যক্রম বিভাগে প্রেরণ করতে হবে।**

১০। সরকারি বেসরকারি অংশীদারিত্বে (PPP) বাস্তবায়নাধীন এবং ২০২৪-২৫ অর্থবছরে প্রস্তাবিত নতুন প্রকল্প তালিকা আরএডিপিতে সংযুক্ত করার নিমিত্ত প্রয়োজনীয় তথ্য ছক 'ক' অনুসারে প্রচলিত নিয়মে Public Private Partnership Authority (PPPA) কর্তৃক কার্যক্রম বিভাগে প্রেরণ করতে হবে (নিকস ফন্টে হার্ড ও সফট কপিসহ)।

১১। 'জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের' আওতায় গৃহীত প্রকল্পসমূহ সরকারি বিনিয়োগের অংশ হিসেবে আরএডিপিতে প্রতিফলনের নিমিত্ত প্রয়োজনীয় তথ্য ছক 'খ' অনুসারে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় হার্ডকপিসহ সফটকপিতে (sdbmddb@gmail.com) প্রেরণ করবে।

১২। ২০২৪-২৫ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি) প্রণয়নের লক্ষ্যে অনুসৃতব্য সময়সূচি:

২০২৪-২৫ অর্থবছরের আরএডিপি নীতিমালা জারির পর হতে AMS এর মাধ্যমে আরএডিপি প্রক্রিয়াকরণের যাবতীয় কার্যক্রম শুরু হবে এবং নিম্নবর্ণিত ছকে উল্লিখিত তারিখে সংশ্লিষ্ট পর্যায়ে কার্যক্রম আবশ্যিকভাবে সমাপ্ত করতে হবে।

(ক) চলমান ও নতুন অনুমোদিত প্রকল্পের অনুকূলে চাহিদা প্রস্তাব প্রেরণের লক্ষ্যে অনুসৃতব্য সময়সূচিঃ

| ক্র. নং | বিবরণ | AMS এ তথ্য প্রেরণের সর্বশেষ তারিখ |
|---|---|---|
| ১. | প্রকল্প পরিচালকের দপ্তর অর্থনৈতিক কোড-সাবকোড ভিত্তিক চাহিদা AMS এ এন্ট্রি করে স্ব-স্ব বাস্তবায়নকারী সংস্থা বরাবর প্রেরণ | ২৩/১২/২৪ |
| ২. | প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা প্রকল্প পরিচালকের দপ্তর থেকে প্রাপ্ত কোড-সাবকোড ভিত্তিক প্রকল্পের চাহিদা যাচাই-বাছাই করে প্রয়োজনীয় সংশোধনপূর্বক AMS এর মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ | ৩০/১২/২৪ |
| ৩. | মন্ত্রণালয়/বিভাগ প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা থেকে প্রাপ্ত প্রকল্পের কোড-সাবকোড ভিত্তিক চাহিদা উন্নয়ন অগ্রাধিকার ও লক্ষ্যমাত্রার নিরিখে যাচাই-বাছাই করে প্রয়োজনীয় সংশোধনপূর্বক AMS এর মাধ্যমে সিস্টেমে এন্ট্রি করে পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর বিভাগে প্রেরণ | ০৬/০১/২৫ |
| ৪. | পরিকল্পনা কমিশনের সেক্টর সংশ্লিষ্ট বিভাগসমূহ মন্ত্রণালয়/বিভাগ থেকে প্রাপ্ত প্রকল্পের কোড-সাবকোড ভিত্তিক চাহিদা পরীক্ষা-নিরীক্ষা করে প্রয়োজনীয় পরিবর্তন/সংশোধন করে প্রকল্পভিত্তিক চাহিদা নির্ধারণপূর্বক AMS এর মাধ্যমে কার্যক্রম বিভাগে প্রেরণ | ১৩/০১/২৫ |

(খ) অননুমোদিত নতুন প্রকল্প প্রস্তাব প্রেরণের লক্ষ্যে অনুসৃতব্য সময়সূচিঃ

| ক্র. নং | বিবরণ | AMS এ তথ্য প্রেরণের সর্বশেষ তারিখ |
|---|---|---|
| ১. | প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা নতুন প্রকল্প প্রস্তাব (জিওবি, বৈদেশিক অর্থায়নপুষ্ট এবং নিজস্ব অর্থায়ন) আবশ্যিকভাবে AMS এর মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ | ৩০/১২/২৪ |
| ২. | মন্ত্রণালয়/বিভাগ বাস্তবায়নকারী সংস্থা থেকে প্রাপ্ত নতুন প্রকল্প প্রস্তাব উন্নয়ন অগ্রাধিকার ও লক্ষ্যমাত্রার নিরিখে যাচাই-বাছাই করে প্রয়োজনীয় পরিবর্তন/সংশোধনপূর্বক মতামতসহ আবশ্যিকভাবে AMS এর মাধ্যমে পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর বিভাগে প্রেরণ | ০৬/০১/২৫ |
| ৩. | পরিকল্পনা কমিশনের সেক্টর সংশ্লিষ্ট বিভাগসমূহ মন্ত্রণালয়/বিভাগ থেকে প্রাপ্ত নতুন প্রকল্প প্রস্তাব পরীক্ষা-নিরীক্ষা করে প্রয়োজনীয় পরিবর্তন/সংশোধনপূর্বক মতামতসহ আবশ্যিকভাবে AMS এর মাধ্যমে কার্যক্রম বিভাগে প্রেরণ | ১৩/০১/২৫ |

১৩। উপর্যুক্ত নির্দেশনা (অনুচ্ছেদ ১-১১) এবং অনুচ্ছেদ-১২ (ক-খ) এ বর্ণিত সময়সূচি অনুসারে ২০২৪-২৫ অর্থবছরের আরএডিপি'র জন্য চাহিত সকল তথ্যাদি কার্যক্রম বিভাগ হতে সময়ে সময়ে জারীকৃত AMS সংক্রান্ত পত্রের নির্দেশসমূহ অনুসরণ করে আবশ্যিকভাবে AMS (adp.plancomm.gov.bd) এর মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

06/12/2024

(ইকবাল আব্দুল্লাহ হারুন)
সদস্য (সচিব)

সিনিয়র সচিব/সচিব

.............................................................. মন্ত্রণালয়/বিভাগ।

...........................................................................................।

নং- ২০.০৬.০০০০.৬১৮.২০.৪৯৭.২৪-৩৬/১

তারিখঃ ২৩ অগ্রহায়ণ ১৪৩১ ব.
০৮ ডিসেম্বর ২০২৪ খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সদস্য (সকল), পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা

২। প্রধান (সকল), পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।

৩। অতিরিক্ত সচিব (সকল), পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।

৪। যুগ্ম-প্রধান (সকল), পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।

৫। প্রকল্প পরিচালক, 'কার্যক্রম বিভাগে একটি নতুন ডিজিটাল ডাটাবেজ সিস্টেম স্থাপনের মাধ্যমে উন্নয়ন বাজেট ব্যবস্থাপনা পদ্ধতি শক্তিশালীকরণ (২য় সংশোধিত)' (এসডিবিএম) শীর্ষক প্রকল্প, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন।

০৮/১২/২০২৪

(সাদিয়া শারমিন হক)
উপপ্রধান
ফোনঃ ৯১৮০৯৯২

নং- ২০.০৬.০০০০.৬১৮.২০.৪৯৭.২৪-৩৬/২

তারিখঃ ২৩ অগ্রহায়ণ ১৪৩১ ব.
০৮ ডিসেম্বর ২০২৪ খ্রি.

অনুলিপি: ২০২৪-২৫ অর্থবছরের আরএডিপি প্রণয়নের জন্য প্রয়োজনীয় তথ্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের নিকট যথাসময়ে AMS এর মাধ্যমে প্রেরণের অনুরোধসহ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

মেয়র/ভাইস চ্যান্সেলর/পুলিশ মহাপরিদর্শক/প্রশাসক/চেয়ারম্যান/প্রধান প্রকৌশলী/ব্যবস্থাপনা পরিচালক/মহাপরিচালক/

মহাব্যবস্থাপক/পরিচালক

-----------------------------------------------------------------

-----------------------------------------------------------------।

০৮/১২/২০২৪

(সাদিয়া শারমিন হক)
উপপ্রধান
ফোনঃ ৯১৮০৯৯২

অনুলিপি: সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।

৩। মাননীয় পরিকল্পনা উপদেষ্টার একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)।

৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ/অর্থ বিভাগ/অর্থনৈতিক সম্পর্ক বিভাগ/অভ্যন্তরীণ সম্পদ বিভাগ/বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, -------------------------------, ঢাকা।

৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা [নীতিমালাটি পরিকল্পনা বিভাগের ওয়েবসাইটে (www.plandiv.gov.bd) আপলোড করার অনুরোধসহ]।

ছক-ক

# ২০২৪-২৫ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে Public Private Partnership (PPP) প্রকল্প অন্তর্ভুক্তির প্রস্তাব

সেক্টরঃ

উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগঃ

বাস্তবায়নকারী সংস্থাঃ

(লক্ষ টাকায়)

| ক্রমিক নং (অগ্রাধিকার ক্রমসহ) | প্রকল্পের নাম (বাস্তবায়নকাল) | প্রাক্কলিত ব্যয় | বাস্তবায়ন পর্যায় | অনুমোদন পর্যায় |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | | | |

**বিঃদ্রঃ নতুন প্রকল্পের ক্ষেত্রে প্রকল্পের বাংলা নাম ও ইংরেজী নাম উল্লেখ করতে হবে।**

<u>ছক-খ</u>

## জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের আওতায় গৃহীত/বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের তথ্য:

সেক্টরঃ

উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগঃ

বাস্তবায়নকারী সংস্থাঃ

| ক্র: নং | প্রকল্পের নাম (বাস্তবায়নকাল) | প্রাক্কলিত ব্যয় | প্রকল্প এলাকা | বাংলাদেশ জলবায়ু পরিবর্তন কৌশল কর্ম পরিকল্পনার কোন থিমেটিক এরিয়ার সাথে সম্পৃক্ত |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | | | |